

শাপলা কাব পদক প্রদান স্কাউট আন্দোলনকে জোরদার করতে হবে প্রধানমন্ত্রী

■ বাসস
প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিশু-কিশোর ও যুবকদের সং চরিত্রবান, ন্যায়পরায়ণ, আত্মপ্রত্যাশী ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে দেশে স্কাউট আন্দোলন জোরদার করার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল তার কার্যালয়ে বাংলাদেশ স্কাউটের 'শাপলা কাব পদক-২০১২' প্রদান অনুষ্ঠানে ভাষণকালে এ আহ্বান জানান। তিনি আরও বলেন, 'বসবন্ধু সোনার বাংলা গড়তে সোনার ছেলে চেয়েছিলেন। তোমরাই হবে বসবন্ধুর সোনার ছেলে। এ সময় বাংলাদেশ স্কাউটের সভাপতি এম আবদুল করিম, বাংলাদেশ স্কাউটের চিফ ন্যাশনাল কমিশনার আবুল কালাম আজাদ, ন্যাশনাল কমিশনার (প্রোগ্রাম) মেজবাহ উদ্দিন অনুষ্ঠানে বক্তৃতা করেন। স্কাউটিংয়ে অনন্য কৃতিত্বের জন্য ২০১২ সালের জন্য ২৫৯ কাব স্কাউটকে পদক দেওয়া হয়।